

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত “নৈতিকতা কমিটির” ৬ষ্ঠ সভার কার্যবিবরণী: ৪

আহবায়ক : আবু সাঈদ মো: কাওছার রহমান
উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া।
সভার তারিখ : ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ।
সভার সময় : ০৩.৩০ ঘটিকা
স্থান : উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়ের অফিস কক্ষ।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'


উপপরিচালক ও আহবায়ক সভায় উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সহকারি পরিচালক জনাব মো: শফিকুল ইসলাম পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধন ও বিয়োজন না থাকায় সর্ব সম্মতিক্রমে তা অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্র: নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিত করা	সহকারি পরিচালক জনাব মোহা: আতাউর রহমান সভায় জানান যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ নিয়মিত অফিসে উপস্থিতি হচ্ছেন এবং নিয়মিত ভাবে হাজিরা খাতায় স্বাক্ষর করছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত অফিসে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া নিরাপত্তা প্রহরী সঠিক সময়ে উপস্থিতি হন এবং সঠিক ভাবে দায়িত্ব পালন করছেন মর্মে সভায় জানানো হয়। উক্ত কর্মচারীর বেতন প্রদানের আগে তার হাজিরা সম্পর্কে সঠিক জেনে বিল প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মো: মোশফেকুর রহমান প্রশাসনিক কর্মকর্তা ও জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া এর সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
০২	নিজ নিজ দায়িত্বে সচেষ্টি থেকে সর্বোত্তম সেবা প্রদান করা।	সহকারি পরিচালক জনাব মোহা: আতাউর রহমান সভায় জানান যে, অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ নিজ নিজ দায়িত্বে সচেষ্টি থেকে সর্বোত্তম সেবা প্রদান করছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিজ নিজ দায়িত্বে সচেষ্টি থেকে সর্বোত্তম সেবা প্রদানের বিষয়ে সকলকে আরও সচেষ্টি হওয়ার জন্য পরামর্শ দেন। বিশেষ করে প্রতিবন্ধী সেবা গ্রহীতাদের ব্যাপারে আরও সচেষ্টি থাকার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া এর সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

০৩	সেবা গ্রহীতাদের সাথে উত্তম আচরণ প্রদর্শন করা।	সহকারি পরিচালক জনাব মোহা: আতাউর রহমান সভায় জানান যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণ সামাজিক কর্মসূচীর আওতায় ভাতা গ্রহীতা, ক্যাম্পার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত ও অন্যান্য সেবা গ্রহীতাদের সাথে উত্তম আচরণ প্রদর্শন করছেন কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	অত্র কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে ভাতা গ্রহীতা, ক্যাম্পার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত ও অন্যান্য সেবা গ্রহীতাদের সাথে উত্তম আচরণ প্রদর্শন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া এর সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
০৪	বিবিধ	শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার অনুশীলন, কার্যক্রম পরিচালনায় গতিশীলতা বৃদ্ধি, কর্মসূচি বাস্তবায়নে দিক-নির্দেশনা সম্পর্কে আলোচনা করা হয়।	অদ্যকার সভার সভাপতি মহোদয় জানান যে, সামাজিক নিরাপত্তা বেটনীর আওতায় অত্র দপ্তরের আওতায় সরকারি বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছেন এবং জেলাধীন সকল কর্মকর্তা ও কর্মচারীদের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সর্বাধিক সচেতন থাকার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া এর সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দ কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (আবু সাঈদ মো: কাওছার রহমান)
 উপপরিচালক
 ও
 আহবায়ক
 নৈতিকতা কমিটি
 জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া।